

# চীনের অর্থায়নে ঢাবিতে হবে ছাত্রী হল, বাজেট অনুমোদন

অনলাইন ডেক্স



২৪৪ কোটি টাকা প্রাক্তিক ব্যয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি)

নির্মাণ হতে যাচ্ছে ছাত্রীদের জন্য বাংলাদেশ-চীন মৈত্রী হল। এরই

মধ্যে এই প্রকল্প অনুমোদন করেছে চীন সরকার। এ প্রকল্প

বাস্তবায়িত হলে ১ হাজার ৫০০ ছাত্রীর আবাসনের ব্যবস্থা হবে।

আজ বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের

পরিচালক (ভারপ্রাণ) মোহাম্মদ রফিকুল ইসলামের পাঠানো এক

বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়, চীন সরকারের আর্থিক সহযোগিতায় ২৪৪

কোটি টাকা প্রাক্তিক ব্যয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের জন্য

বাংলাদেশ-চীন মৈত্রী হল নির্মাণ প্রকল্প বাস্তবায়নের কাজ এগিয়ে

চলেছে। এই হল নির্মাণ প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অর্থনৈতিক

সম্পর্ক বিভাগের (ইআরডি) একটি অফিশিয়াল চিঠি কয়েক মাস

আগে ঢাকাস্থ চীনা দূতাবাসের মাধ্যমে চীন সরকারের সংশ্লিষ্ট

কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়।

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, চীন সরকার এরই মধ্যে এই প্রকল্প

প্রস্তাব অনুমোদন করেছে। বর্তমানে অভ্যন্তরীণ প্রক্রিয়া চলমান

রয়েছে।

এই প্রক্রিয়া শেষে চীনের একটি বিশেষজ্ঞ দল প্রকল্প সম্ভাব্যতা

যাচাইয়ের (ফিজিবিলিটি স্টাডি) জন্য শিগগিরই ঢাকায় আসবে

বলে আশা করা হচ্ছে।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ

আহমদ খান এই প্রকল্পের কার্যক্রম তৈরাও করতে ঢাকাস্থ চীনা

দূতাবাসের সঙ্গে নিয়মিত যোগাযোগ রক্ষা করে চলেছেন।